বাংলাদেশ ... পরিষদ
ডকুমেন্টেশন কেন্দ্র

74

দৈনিক খবর

0 2 AUG 1988
তারিখ ... 6 8
পৃষ্ঠা ...

80

## শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রকৃত মানুষ গড়ার কারখানায় পরিণত করতে হবে
### —শিক্ষামন্ত্রী

সৈয়দপুর, ১লা আগস্ট।— শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, শিক্ষাংগনে শিক্ষার সুষ্ঠু ও নির্মল পরিবেশ ছাত্র-ছাত্রীদের প্রকৃত শিক্ষাদানের পূর্বশর্ত। তিনি বলেন, জাতির অগ্রগতি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রকৃত মানুষ গড়ার কারখানায় পরিণত করতে হবে।

মন্ত্রী আজ সকালে সৈয়দপুর ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজ পরিদর্শনকালে ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

কলেজের অধ্যক্ষের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যান্যের মাঝে আরো বক্তৃতা করেন নীলফামারী জেলা পরিষদ চেয়ারম্যান এম কে আলম চৌধুরী এমপি এবং স্থানীয় ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেড এ খান। খবর তথ্যবিবরণী'র।

শিক্ষামন্ত্রী জাপানের দৃষ্টান্ত উল্লেখ করে বলেন, জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করে আমাদের দেশকে উন্নত বিশ্বের সমপর্যায়ে নিয়ে আসতে হবে।

এর আগে মন্ত্রী নীলফামারী সরকারী কলেজ, মসিউর রহমান কলেজ এবং সৈয়দপুর হাইস্কুল পরিদর্শন করেন।